

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০০৮

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض) পরিচ্ছেদঃ ২৫. উভয় লিঙ্গ (হিজডা) ব্যক্তির মীরাছ সম্পর্কে

باب فِي مِيرَاثِ الْخُنْثَى

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ عَبْدِ الْأَعْلَى أَنَّهُ سَمِعَ مُحَمَّدَ بْنَ عَلِيِّ يُحَدِّثُ عَنْ عَلِيٍّ فِي الرَّجُلِ يَكُونُ لَهُ مَا لِلرَّجُلِ وَمَا لِلْمَرْأَةِ مِنْ أَيِّهِمَا يُوَرَّثُ فَقَالَ مِنْ أَيِّهِمَا بَالَ

বাংলা

৩০০৮. মুহাম্মদ ইবনু আলী হতে বর্ণিত, আলী রাদ্বিয়াল্লাহু আনহু এমন এক ব্যক্তির সম্পর্কে প্রশ্ন এলো যার, পুরুষাঙ্গও আছে আবার স্ত্রী অঙ্গও আছে (উভয়লিঙ্গ); সে দু'টি অঙ্গের কোনটি (পুরুষ নাকি মহিলা) হিসেবে মীরাছ পাবে? তিনি বললেন, সে এতদুভয়ের মধ্যে যে অঙ্গটি দিয়ে পেশাব করে, (সে অনুযায়ী সে মীরাছ পাবে)।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর রাবীগণ বিশ্বস্ত তবে এ সনদটি বিচ্ছিন্ন, কেননা, মুহাম্মদ ইবনুল আলী ইবনুল হুসাইনের বর্ণনা তার দাদা আলী রাদ্বিয়াল্লাহু আনহু হতে মুরসাল।

তাখরীজ: এর তাখরীজের জন্য পরের হাদীসটি দেখুন।

হাদিসের মান: মুরসাল পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন